ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতাঃ আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

শুক্রবার | ২৬ নভেম্বর ২০২১ | www.edainikazadi.net রেজিঃ নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ৮২ সংখ্যা | ১১ অগ্রহায়ণ ১৪২৮ সাল | ২০ রবিউস সানি ১৪৪৩ হিজরি | ৮ পৃষ্ঠা | ৬ টাকা

## প্রিমিয়ার ভার্সিটির সেমিনারে বক্তারা

# গবেষণা-প্রবন্ধের জন্য একটি বৃক্ষ চমৎকার উদাহরণ

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে 'রিসার্চ ট্রেইনিং প্রোগ্রাম : আর্টিকেল রাইটিং স্কিল ডেভেলপমেন্ট' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার অনুষ্ঠিত সেমিনারে রিসোর্চ পার্সন ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। সেমিনারে সভাপতিত্ব করেন প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। উপস্থিত ছিলেন ভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। প্রফেসর ড. মোহীত উল আলম তাঁর পরিচালিত সেমিনারটিতে বিশ্ববিদ্যালয়ে ভালো গবেষক তৈরি করার জন্য গবেষণা-পদ্ধতি, গবেষণার সামগ্রিক মান উন্নয়ন ও গবেষণার ধরন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। প্রবন্ধ লেখার নানা কৌশল বর্ণনা করে তিনি বলেন, কোনো বিষয়ে ভালো গবেষণা-প্রবন্ধ লিখতে হলে আত্মবিশ্বাস, চাপমুক্ত মন, কঠোর পরিশ্রম, সময় প্রভৃতির দরকার হয়। এভাবে লেখা প্রবন্ধের জন্য একটি বৃক্ষ চমৎকার উদাহরণ হতে পারে। বীজ থেকে কাণ্ড ও শাখা-প্রশাখা বিস্তার করে একটি বৃক্ষ পরিপূর্ণতা লাভ করে। গবেষণা-প্রবন্ধও বিষয় ও ভাবনা থেকে ধীরে ধীরে বড়ো আকারে রূপ নেয়। ড. মোহীত উল আলম 'বিশ্ববিদ্যালয়ের জন্য ভালো গবেষক অপরিহার্য' উল্লেখ করে বলেন, মানবসম্পদের উন্নয়নের জন্য ভালো গবেষণার যেমন বিকল্প নেই, বিশ্ববিদ্যালয়ের মান উন্নয়নের জন্যও ভালো গবেষকের বিকল্প নেই। প্রেস বিজ্ঞপ্তি।



*প্রিমিয়ার ভার্সিটির সেমিনারে বক্তব্য রাখছেন অতিথিবৃন্দ*

Ref: Daily Azadi, Date: 26 November 2021, Page: 2, Col: 4
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2021-11-26

চট্টগ্রাম শুক্রবার ২৬ নভেম্বর ২০২১

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক পত্রিকা

রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৬তম বর্ষ ২৭৫তম সংখ্যা ।। ১১ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ ।। ২০ রবিউস সানি ১৪৪৩ হিজরি ।। Friday 26 November 2021 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone






# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আর্টিকেল রাইটিং স্কিল ডেভেলপমেন্ট সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে রিসার্চ ট্রেইনিং প্রোগ্রাম : আর্টিকেল রাইটিং স্কিল ডেভেলপমেন্ট শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গত বুধবার প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত সেমিনারে রিসোর্স পার্সন ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। সেমিনারে সভাপতিত্ব করেন প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক।

প্রফেসর ড. মোহীত উল আলম তাঁর পরিচালিত সেমিনারটিতে বিশ্ববিদ্যালয়ে ভালো গবেষক তৈরি করার জন্য গবেষণা-পদ্ধতি, গবেষণার সামগ্রিক মান উন্নয়ন ও গবেষণার ধরন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি গবেষণা সংক্রান্ত সার্বিক তথ্যাবলী সন্নিবেশন, বিশ্লেষণ ও বিতরণের উপরও আলোকপাত করেন।-

Ref: Daily Purbokone, Date: 26 November 2021, Page: 3, Col: 1
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2021-11-26

শুক্রবার
চট্টগ্রাম
২৬ নভেম্বর ২০২১
১১ অগ্রহায়ণ ১৪২৮
২০ রবিউস সানি ১৪৪৩
বর্ষ-৯, সংখ্যা-৩৩৪

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh



দেশে করোনা সংক্রমণ উদ্বেগজনক।
বাঁচতে হলে মাস্ক পরিধান করুন।

▶ শুভ সকাল
বাণিজ্য বাড়াতে ফ্রান্স ও যুক্তরাজ্যের সাথে ৬ চুক্তি

▶ দশ কথার এক কথা
দুর্বল গণতন্ত্রের দেশগুলোকে ডেকেছে যুক্তরাষ্ট্র : পররাষ্ট্রমন্ত্রী

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৬ টাকা

▶ চট্টগ্রামে শনাক্ত ১,০২,৩৭৩ মৃত্যু ১,৩৩১

▶ শেষ পাতায়
বাংলাদেশ-পাকিস্তান প্রথম টেস্ট শুরু আজ




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সেমিনারে বক্তব্য দেন ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, প্রফেসর ড. মোহীত উল আলম ও প্রফেসর ড. তৌফিক সাঈদ

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সেমিনার

# ‘গবেষণা প্রবন্ধের জন্য একটি বৃক্ষ চমৎকার উদাহরণ’

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে ‘রিসার্চ ট্রেইনিং প্রোগ্রাম : আর্টিকেল রাইটিং স্কিল ডেভেলপমেন্ট’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২৪ নভেম্বর বিকেল ৩টায় অনুষ্ঠিত সেমিনারে রিসোর্স পার্সন ছিলেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। প্রিমিয়ার ইউনিভার্সিটির সকল বিভাগের শিক্ষকদের উদ্দেশ্যে পরিচালিত সেমিনারে সভাপতিত্ব করেন প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। উপস্থিত ছিলেন ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক।

প্রফেসর ড. মোহীত উল আলম বিশ্ববিদ্যালয়ে ভালো গবেষক তৈরি করার জন্য গবেষণা-পদ্ধতি, গবেষণার সামগ্রিক মান উন্নয়ন ও গবেষণার ধরন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি গবেষণা সংক্রান্ত সার্বিক তথ্যাবলী সন্নিবেশন, বিশ্লেষণ ও বিতরণের উপরও আলোকপাত করেন। প্রবন্ধ লেখার নানা কৌশল বর্ণনা করে তিনি বলেন, সাহিত্য, বিজনেস, অর্থনীতি ও বিজ্ঞানসহ বিভিন্ন বিষয়ে প্রবন্ধ লেখা যেতে পারে। কোনো বিষয়ে ভালো গবেষণা-প্রবন্ধ লিখতে হলে আত্মবিশ্বাস, চাপমুক্ত মন, কঠোর পরিশ্রম, সময় প্রভৃতির দরকার হয়। এভাবে লেখা প্রবন্ধের জন্য একটি বৃক্ষ চমৎকার উদাহরণ হতে পারে। বীজ থেকে কাণ্ড ও শাখা-প্রশাখা বিস্তার করে একটি বৃক্ষ পরিপূর্ণতা লাভ করে। গবেষণা-প্রবন্ধও বিষয় ও ভাবনা থেকে ধীরে ধীরে বড়ো আকারে রূপ নেয়। পিয়ার রিভিউড একাডেমিক জার্নালে প্রকাশ করতে এ ধরনের গবেষণা-প্রবন্ধের প্রয়োজন হয়। ‘বিশ্ববিদ্যালয়ের জন্য ভালো গবেষক অপরিহার্য’ উল্লেখ করে তিনি বলেন, মানবসম্পদের উন্নয়নের জন্য ভালো গবেষণার যেমন বিকল্প নেই, বিশ্ববিদ্যালয়ের মান উন্নয়নের জন্যও ভালো গবেষকের বিকল্প নেই।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, বিষয় ও ভাবনার জন্ম হলেই প্রবন্ধ লিখে ফেলা উচিত। পরবর্তীতে আয়োজন করে লেখার কথা চিন্তা করলে তা লেখা আর সম্ভব নাও হতে পারে।

সভাপতির বক্তব্যে প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষকদের গবেষণা-প্রবন্ধ লেখার ক্ষেত্রে এই সেমিনার অবশ্যই উপকারে আসবে। সেমিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির সকল বিভাগের চেয়ারম্যান ও শিক্ষকরা অংশগ্রহণ করেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 26 November 2021, Page: 2, Col: 4
https://epurbodesh.com/index.php?date=26-11-2021&page=2